# শ্যামনগর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী'২০২১ মাসের মূলতবী সভার কার্যবিবরণী

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ০৮.০৩.২০২১ খ্রিঃ, সকাল- ১০.০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্যঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>গত সভার কার্যবিবরণী দৃঢ়করন</td><td colspan="2">সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন যে, গত ২৮/০২/২১ খ্রিঃ তারিখ ফেব্রুয়ারী/২১ মাসের সভার সময়সূচী ছিল কিন্ত কোরাম না পূরন হওয়ায় গত ২৮/০২/২১ খ্রিঃ তারিখের সভায় কোন সিদ্ধান্ত গ্রহন না করে মূলবতী করা হয়। অদ্যকার সভা ফেব্রুয়ারী/২১ মাসের মূলতবী সভা হিসেবে বিবেচিত হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>এরপর তিনি বলেন উপজেলা পরিষদের মাসিক সভায় একটি উপজেলার জনগুরুত্বপূর্ন বিষয় আলোচনা হয়ে থাকে এবং সিদ্ধান্ত গৃহিত হয়। সরকারী সকল দপ্তরের সামগ্রিক বিষয় আলোচনা হয়ে থাকে। উপজেলা পরিষদের ১২টি ইউনিয়নের সম্মানিত ইউপি চেয়ারম্যানগণ উপজেলা পরিষদের সদস্য। তাদের উপস্থিতিতে উপজেলা পরিষদের মাসিক সভায় অনেক গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহন করে বাস্তবায়ন করতে হয়। অনেক সময় দেখা যায় অনেক ইউপি চেয়ারম্যান মাসিক সভায় অনপুস্থিত থাকেন। উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিশেষ কারন ছাড়া ইউপি চেয়ারম্যান/ দাপ্তরিক কর্মকর্তার অনপুস্থিতি দুঃখজনক। ইউপি চেয়ারম্যানের অনপুস্থিতিতে সংশ্লিষ্ট ইউপির কোন নিদিষ্ট বিষয় সম্পর্কে সভায় আলোচনা এবং যথাযথ তথ্য উপস্থাপন করা সম্ভব হয়না। অনেক সময় ইউপি চেয়ারম্যানগণ প্রতিনিধি প্রেরণ করে থাকেন, কিন্ত প্রতিনিধি কর্তৃক মাসিক সভায় উপস্থাপিত বক্তব্য সংশ্লিষ্ট চেয়ারম্যানের কিনা তা বোঝা যায়না। এজন্য যদি কোন বিশেষ কারনে কোন ইউপি চেয়ারম্যান মাসিক সভায় উপস্থিত হতে না পারেন তাহলে সভার পূর্বে মাসিক সভায় উত্থাপিত বিষয় সংশ্লিষ্ট ইউনিয়ন হতে পত্রের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে অবহিত করে প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করেন।<br>অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২.</td><td>মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সাতক্ষীরা-০৪ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয় চলতি অর্থ বছরের এডিপি এবং উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের বরাদ্দ ইউনিয়নের জনসংখ্যা অনুযায়ী খাতওয়ারী বিভাজন করতে একটি ডিও লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন।</td><td>উপজেলা পরিষদের আইন অনুযায়ী সকল প্রকল্প গ্রহন এবং বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>৩.</td><td>আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি)</td><td colspan="2">১. উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মুজিববর্ষকে স্মরনীয় করে রাখতে সমগ্র বাংলাদেশের ন্যায় শ্যামনগর উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১ এর ডিজিটাল ম্যারাথন আয়োজনের জন্য নির্দেশনা পাওয়া গেছে। বাংলাদেশ সেনাবাহিনী ম্যারাথন আয়োজনে সহযোগিতা করবেন। কিন্তু অর্থায়নের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেছেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।<br><u>সিদ্ধান্ত</u> ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১ এর ডিজিটাল ম্যারাথন আয়োজনের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কিছু জরুরী কাজ করা প্রয়োজন।<br>১) উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনে উপজেলা চেয়ারম্যান অফিস, উপজেলা নির্বাহী অফিস ডেকোরেশন এবং আসবাবপত্র ক্রয়।<br>২) উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিস, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং উপজেলা প্রকৌশল অফিসের ফ্লোরে টাইলন লাগানো।<br>৩) উপজেলা পরিষদে নব নির্মিত কমপ্লেক্স ভবনের হলরুমে টাইলস, ডেকোরেশন এবং আসবাবপত্র ক্রয়।<br>৪) উপজেলা পরিষদের পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মান।<br>৫) উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন সংস্কার।<br><u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্নিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করতে অনুরোধ করা হয়। প্রাক্কলন প্রস্তুত শেষে চুড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রেরনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৪.</td><td>২০২১-২১ অর্থ বছরে এডিপি/ উন্নয়ন প্রকল্প</td><td colspan="3">১. উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র (এডিপি) এবং উন্নয়ন তহবিলের প্রকল্প গত মাসিক সভায় চুড়ান্ত অনুমোদন গৃহিত হয়েছে। বর্তমানে টেন্ডার প্রক্রিয়া চলমান আছে। টেন্ডার কার্যক্রম সম্পন্ন হলে কার্যাদেশ প্রদান করা হবে।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, গত সভায় অনুমোদনকৃত এডিপির প্রকল্পের সংশোধনী সভায় উপস্থাপন করেন।<br><table><tr><th>ক্রঃ নং</th><th>পূর্বে অনুমোদিত প্রকল্পের নাম</th><th>সংশোধিত প্রকল্পের নাম</th><th>মন্তব্য</th></tr><tr><td>১.</td><td>বুড়িগোয়ালিনী ইউনিয়নে আড়পাংগাশিয়া প্রভাষ মন্ডলের বাড়ী হতে সুপদ হাওলীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ-৮০,০০০/- টাকা।</td><td>আটুলিয়া ইউনিয়নে তালবাড়িয়া-আড়পাঙ্গাশিয়া প্রভাষ মন্ডলের বাড়ী হতে সুপদ হাওলীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন-৮০,০০০/- টাকা।</td><td>এডিপি</td></tr></table><u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপরোক্ত প্রকল্পের সংশোধনী সর্ব্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>৩. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্যাকেজ নং-০৩ প্রকল্প বাস্তবায়নে</td></tr>
</table>

বরাদ্দে ২০,০০০/- টাকা কম থাকায় সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স দোল্লা এন্টারপ্রাইজ, পলাশপোল, সাতক্ষীরাকে ২০,০০০/- টাকা কম প্রদান করা হয়েছিল। চলতি অর্থ বছরে বকেয়া ২০,০০০/- টাকা প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহন করতে মাসিক সভায় সুপারিশ করেন।

**সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরে সংশ্লিষ্ট ঠিকাদারকে ২০,০০০/- টাকা প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর।

৪. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে এডিপির অর্থায়নের বাস্তবায়নের জন্য উপজেলা চেয়ারম্যান কর্তৃক নিমোক্ত প্রকল্পের প্রস্তাবনা পাওয়া গেছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | শ্যামনগর প্রাথমিক শিক্ষক সমিতির ভবন নির্মান | ৪,০০,০০০/- টাকা | এডিপি |
| ২. | আটুলিয়া ইউনিয়নে বিড়ালক্ষী কাদিরিয়া সিনিয়র মাদ্রাসার শ্রেণীকক্ষ সংস্কার | ২,০০,০০০/- টাকা | এডিপি |
| ৩. | পদ্মপুকুর ইউনিয়নের পাতাখালী সিনিয়র মাদ্রস্যার শ্রেণীকক্ষ সংস্কার | ২,৫০,০০০/- টাকা | এডিপি |

**সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনা শেষে চলতি অর্থ বছরে বর্নিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর।

৫. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক ক্রয় এবং বিতরনের জন্য ৯৮,০০০/- টাকার বিশেষ বরাদ্দ পাওয়া গেছে। বর্নিত বরাদ্দ হতে করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন ইউনিয়নে বিনামূল্যে বিতরনের জন্য মাস্ক ক্রয় করার জন্য একটি প্রকল্প গ্রহন করতে সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক ক্রয় এবং বিনামূল্যে বিতরনের জন্য একটি প্রকল্প বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মাতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্পটি **পিআইসি কমিটির** মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

---

**৫. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প**

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে কোন উপজেলা নির্বাচিত হলে মোট ৫০.০০ লক্ষ টাকা প্রদান করেন। তার মধ্যে আবশ্যিকভাবে ১০.০০ লক্ষ টাকার সক্ষমতাবৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা থাকে। উপজেলা পরিষদের ১৭টি কমিটি হতে প্রশিক্ষণসমূহের প্রস্তাবনা প্রেরণ করেন। সেগুলি যাচাই বাছাই করে চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের অফিসে প্রেরণ করতে হয়। পরবর্তীতে প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণগুলি বাস্তবায়ন করতে হয়। উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের নিযুক্ত ইউডিএফ এ সকল কাজের তদারকি করেন। বাকী ৪০.০০ লক্ষ টাকার অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দেশনা থাকে। চলতি পর্যায়ে বাধ্যতামূলকভাবে ১০.০০ লক্ষ টাকার করোনা মোকাবেলায় একটি প্রকল্প বাস্তবায়ন করতে হবে। অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ১) উপজেলা পরিষদের কমিটি, ২) ইউডিসিসি, ৩) উপজেলায় সরকারী দপ্তর বেসরকারী দপ্তর/ প্রতিষ্ঠান/স্কুল ইত্যাদি এবং ৪) নির্বাচিত জন প্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সাধারণ জনগন। উপরোক্ত যে কোন উৎস থেকে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করতে হবে।

২. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্যাকেজ নং- e-Tender/JICA/SHYA/STK/ 2019-20/P-01, প্রকল্প নাম- Construction of Shyamnagar Atarjan Mohila College, Under Shyamnagar Upazila, Dist-Sathira. এস.এম আবুল বাশার, নকিপুর, শ্যামনগর, সাতক্ষীরা বর্নিত কাজটি সম্পন্ন করেছেন। বর্নিত কাজের চুক্তিমূল্য ছিল ৪০,২২,২৪৪/- টাকা। কাজের গুনগত মান সন্তোষজনক।

| উপজেলা | প্যাকেজ নং | চুক্তিকৃত মূল্য (ভ্যাট ও আয়কর সহ) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়কর সহ) | ভ্যাট ও আয়কর ব্যতিত বিল | ভ্যাঁটের পরিমান | আয়করের পরিমান | ভ্যাট ও আয়কর সহ মোট বিল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| শ্যামনগর | INF-2018-19-408786-01 | ৪০,২২,২৪৪/- | ৪০,২২,২৪৪/- | ৩৫,৯২,৯০৯/- | ৩,০৮,৬৬৮/- | ১,২০,৬৬৭/- | ৪০,২২,২৪৪/- | |

উক্ত কাজের চুড়ান্ত বিল প্রদানের জন্য সুপারিশ করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত কাজের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

ইউপি চেয়ারম্যান গণ

---

**৬. উপজেলা পরিষদের মডেল মসজিদ নির্মান**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মডেল মসজিদ নির্মানের লক্ষ্যে উপজেলা পরিষদের পুকুরের পূর্ব দক্ষিণ পার্শ্বে ৪৫ x ২৫ ফুট মাটি/বালি ভরাট করা প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য উপজেলা পরিষদের পুকুরের পূর্ব দক্ষিন পার্শ্বে মডেল মসজিদ নির্মানের সংশ্লিষ্ট ঠিকাদারের অর্থায়নে ৪৫ x ২৫ ফুট মাটি/বালি ভরাট করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং মডেল মসজিদ নির্মানের পর বর্নিত জায়গা হতে সংশ্লিষ্ট ঠিকাদার তার অর্থায়নে মাটি অপসারন করে পুকুরের পূর্বের সাদৃশ্য করে দেবে। বর্নিত স্থানে কোন মাটি থাকবে না শুধু কলাম থাকবে।

**বাস্তবায়নে** : উপজেলা মডেল মসজিদ নির্মান সংশ্লিষ্ট বিভাগ।

সংশ্লিষ্ট কর্মকর্তা

---

**৭. উপজেলা পরিষদের ১৪২৮ সনের হাটবাজার ইজারা অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ১৪২৮ সনের হাট বাজার ৩৩টি হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং উপজেলার সর্বত্র মাইকিং করে প্রচার করা হয়। ৩৩টি হাটের মধ্যে ১৮টি হাট বাজার বিধি মোতাবেক ইজারা প্রদান করা হয়েছে (তালিকা সংযুক্ত)। বাকী হাটগুলি বিধি মোতাবেক দ্রুত ইজারা প্রদান করা হবে। হাটবাজার ইজারা প্রদাানের অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ১৮টি হাটের অনুমোদন গৃহিত হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা পরিষদ হতে বাস্তবায়নাধীন সকল প্রকল্পের কাজের তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। অদ্য সভায় এডিপির প্রকল্প অনুমোদনের পরে দ্রুত ভিত্তিতে পিআইসি প্রকল্পের কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। | সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন তার দপ্তরে সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন সরকার করোনাকালীন সময়ে জেলেদের মাঝে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নগদ টাকা সহায়তা প্রদান করেছেন। সুষ্ঠভাবে যাচাই বাছাই করে চুড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়েছে। চেয়ারম্যান, নূরনগর ইউপি সভায় বলেন জেলেদের মাঝে করেনাকালীন সময়ে প্রনোদনার তালিকা প্রস্তুতে ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করা হয়নি।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে সকল ঘের মালিকগণ সরকারী নিয়মনীতি উপেক্ষা করে ঘের পরিচালনা করছে তাদের একটি তালিকা করার জন্য উপজেলা সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করেন। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচলের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে এবং বাধ্যতামূলক মাস্ক ব্যবহারের সচেতনতা বৃদ্ধি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন প্রকল্পের কাজ চলমান আছে। নিয়মিত কাজ তদারকি করা হচ্ছে। কাজের গুনগম মান সঠিক রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৮. | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, বিগত কয়েক মাস পূর্বে আমি শারীরিকভাবে অসুস্থ থাকায় করোনাকালীন স্বাস্থ্য বিধি বিবেচনা করে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত হতে পারিনি। দপ্তরে নিয়মিত অফিস করতে পারিনি। বিভিন্ন ঔষধের পার্শ্ব প্রতিক্রিয়ায় শারীরিকভাবে সুস্থ না থাকায় মোবাইল ফোন বন্ধ করে রেখেছিলাম। অদ্যকার উপজেলা পরিষদ মাসিক সভায় তিনি দুঃখ প্রকাশ করেন এবং ভবিষৎতে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত না করে কর্মস্থল ত্যাগ না করাসহ দাপ্তরিক কার্যক্রম বেগবান করার প্রতিশ্রুতি দেন।<br>২. আগামী ৩০/০৩/২১ খ্রিঃ তারিখ সরকার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেবে মর্মে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেছে। তার পূর্বে টিকাদান কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>৩. উপজেলা একাডেমিক সুপারভাইজারের কোন অফিস নেই। দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে। অফিস বরাদ্দের জন্য সুপারিশ করেন।<br>৪. বিদ্যালয়সমূহে এডিপির অর্থায়নে স্যানাটারী ন্যাপকিন সরবরাহের সুপারিশ করেন।<br>উপজেলা গেজেডেট ডরমেটরি (প্রমোট) সংলগ্ন দুটি গাছ কর্তনের জন্য সুপারিশ করেন। | ১. অসুস্থতা বিবেচনা করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অনপুস্থিতি বিশেষভাবে বিবেচনা করা হয়।<br>২. সরকার কর্তৃক নির্দেশনা অনুসরন করতে হবে।<br>৩. উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।<br>৪. কমিটির সভা হতে সুপারিশ পেশ করতে বলা হয়।<br>৫. উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তাকে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করতে বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, করোনা কালীন সময়ে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকলেও দাপ্তরিক কাজ চলমান আছে। সহকারী শিক্ষা অফিসারদের জন্য পর্যাপ্ত অফিস কক্ষ না থাকার কারনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে।<br>২. উপজেলার নকিপুর ১৩নং হায়বাতপুর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে উপজেলা রিসোর্স সেন্টারের কার্যালয়ে প্রশিক্ষণ কক্ষের জন্য একটি সংযুক্ত মহিলা টয়লেট নির্মানের বরাদ্দ পাওয়া গেছে। কিন্তু টয়লেট নির্মানের স্থানে পরিত্যক্ত দুটি টয়লেট থাকায় সেটি নির্মান করা যাচ্ছেনা। এমতাবস্থায় বিদ্যমান পরিত্যক্ত টয়লেট দুটি অপসাররেন জন্য বর্নিত বিদ্যালয়ের এসএমসি কমিটি হতে রেজুলেশন করে চুড়ান্ত অনুমোদন প্রদানের জন্য মাসিক সভায় সুপারিশ করেন। | ১. উপজেলা প্রকৌশলীকে বিষয়টি দেখার জন্য অনুরোধ করা হয়।<br>২. যথাযথ আইন অনুসরন করে নিজস্ব অর্থায়নে পরিত্যক্ত টয়লেট দুটির অপসারনের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। এবিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তাকে যথাযথ আইনি প্রক্রিয়া মেনে কাজ তদারকির জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, ব্যাংক এশিয়ার মাধ্যমে সকল ভাতাভোগীর টাকা প্রদান করা হচ্ছে। সার্ভার জনিত কারনে মাঝে মধ্যে একটু সমস্যা হয়। | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, বিভিন্ন প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** নতুন মাতৃত্বভাতা তালিকা প্রদানের জন্য | ১. ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন পরিষদ হতে রেজুলেশনের মাধ্যমে উপকারভোগীর নাম প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে কোন ভাতার তালিকা প্রস্তুতের ক্ষেত্রে যথাযথ নিয়মনীতি মেনে তালিকা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>২. উপজেলা মহিলা বিষয়ক পুরাতন অফিস মহিলা বিষয়ক দপ্তরের ট্রেনিং সেন্টার হিসেবে ব্যবহারের জন্য অনুমতি প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন।<br>৩. চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি সভায় বলেন ভিজিডি উপকারভোগীদের সঞ্চয়ের টাকা উত্তোলনে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে একাউন্ট খুলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করেন। | ২. মাসিক ৬,০০০/- টাকা ভাড়া হিসেবে উপজেলা মহিলা বিষয়ক এর পুরাতন অফিস মহিলা বিষয়ক এর ট্রেনিং সেন্টার হিসেবে ভাড়া প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলে। ভাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা হবে।<br>৩. প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | গতিশীল কার্যক্রম অব্যাহৃত রাখতে হবে। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন উপজেলার বিভিন্ন স্থানে বাঁধ মেরামতের কার্যক্রম চলমান আছে। কাজ নিয়মিত তদারকি করা হচ্ছে। ঝুকিপূর্ন্ন এলাকা চিহ্নিত করা হয়েছে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অবহিত করেন গত ২৭ ফেব্রুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ দেশে প্রথমবারের মতো জাতীয় পরিসংখ্যান দিবস পালন করা হয়েছে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন উপজেলা পরিষদের অভ্যন্তরে দলিল লেখকদের কাছ থেকে উপজেলা পল্লী উন্নয়ন অফিস কোন বিধি মোতাবেক ভাড়া নেয়, এবিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে আগামী সভায় বিস্তারিত জানাতে অনুরোধ করেন। | আগামী সভায় বিস্তারিত তথ্য জানাতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা আনসার ভিডিপি অফিস ঃ** উপস্থিত কর্মকর্তা বলেন যে, সরকারী বিভিন্ন অনুষ্ঠানসহ জাতীয় প্রোগ্রামে আনসারা নিয়মিত সেবা প্রদান করে থাকেন। উপজেলা আনসার ভিডিপি কোন স্থায়ী অফিস কক্ষ নেই। দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা সৃষ্টি হচ্ছে। অফিস বরাদ্দের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে অফিস বরাদ্দের বিষয়ে প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রায়ঃশ দেখা যায় বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান কোন রকম পূর্বানুমতি ছাড়া বিভিন্ন সভা সমাবেশ, অনুষ্ঠান এবং মানববন্ধন করে থাকেন। উপজেলা পরিষদের পূর্বানুমতি ছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে যে কোন ধরনের অনুষ্ঠান, সভা সমাবেশ/ মানববন্ধন করতে না দেওয়ার জন্য মতামত প্রদান করেন এবং এবিষয়ে সিদ্ধান্ত গ্রহন করতে উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে যে কোন ধরনের অনুষ্ঠান, সভা সমাবেশ, মানববন্ধন করার পূর্বে উপজেলা পরিষদের পূর্বানুমতি গ্রহনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যান চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, কোন সরকারী দপ্তর এবং ইউনিয়ন পরিষদের সরকারী হিসাব নম্বর ইসলামী ব্যাংকে করা যাবেনা। এবিষয়ে উপস্থিত সকল দপ্তর প্রধান এবং ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আর্কষন করেন।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, শ্যামনগর উপজেলার নকিপুর বাজারে তোহা বাজারে উপজেলার বিভিন্ন গ্রাম হতে কৃষকগণ তাদের উৎপাদিত সবজি/ফসল বিক্রয়ের জন্য সপ্তাহে শনিবার এবং মঙ্গলবার কেনাবেচা করেন। এছাড়া বর্নিত স্থানে বাশ, আটল-পাটাসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যদি বিক্রয় হয়ে থাকে। কিছু অসাধু ব্যক্তি তাদের নিজ লাভের জন্য উক্ত তোহা বাজারের অংশে স্থায়ী দোকান ঘর নির্মানের পায়তারা করছে। জনস্বার্থে ক্ষুদ্র প্রান্তিক চাষীদের কথা বিবেচনা করে উক্ত তোহা বাজারে কোন স্থায়ী দোকান ঘর বরাদ্দ দেওয়া না হয়, সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বর্নিত তোহা বাজারে কোন স্থায়ী দোকান ঘর বরাদ্দ না প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

০৪। চেয়ারম্যান, ৮নং ঈশ্বরীপুর সভায় বলেন যে, বংশীপুর-রমজাননগর রোডে প্রায় ১০০/১৫০ ফুটের মতো এলজিইডির রাস্তা সংস্কারের অভাবে পড়ে আছে। সংস্কারের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত** : উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করা হয়।

০৫। চেয়ারম্যান, নূরনগর সভায় বলেন ১% টাকা ইউনিয়নে প্রদান করা হয়নি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** : উপজেলা প্রকৌশল দপ্তর হতে বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করে টাকা প্রদান করা হবে।

০৬। স্থানীয় সরকার বিভাগের বাংলাদেশ পারস্পারিক শিখন কর্মসূচী (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প এর আওতায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও উপজেলা প্রশাসন, শ্যামনগর এর আয়োজনের এবং সুইচ এজেন্সি ফর ডেভেলপমেন্ট কো- অপারেশন (এসডিসি) ও ব্রেকিং দ্য সাইলেন্স এর সহযোগিতায় শ্যামনগর উপজেলাতে বাংলাদেশে পারস্পারিক শিখন কর্মসূচী (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ উপজেলা কর্মশালা গত ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। কর্মশালাটির মাধ্যমে প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে ০৫টি করে শিখন স্ব-স্ব ইউনিয়ন পরিষদ থেকে উপস্থাপন করা হয় এর মধ্য থেকে সকলের ভোটে চুড়ান্তভাবে ০৫টি ভাল শিখন সকলের সর্বসম্মতিতে নির্বাচিত হয়। ভাল শিখন গুলোর মধ্য থেকে ১. শ্যামনগর সদর ইউনিয়ন পরিষদ থেকে কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে টেলি-মেডিসিন ২. বুড়িগোয়ালিনী ইউনিয়ন পরিষদ থেক ব্রেস্ট ফিডিং কর্ণার ও নারী বান্ধব কক্ষ স্থাপন ৩. বুড়িগোয়ালিনী ইউনিয়ন পরিষদ থেকে ছাদকৃষি ও জৈব কম্পোস্ট পদ্ধতিতে সার উৎপাদন ৪. ভুরুলিয়া ইউনিয়ন পরিষদ হতে প্রতিবন্ধীদের জন্য ব্যামাগার স্থাপন এবং ৫. আটুলিয়া ইউনিয়ন পরিষদ থেকে এ কাদের রক্তদান সংগঠন। পরবর্তীতে অংশগ্রহনকারীগণ চিহ্নিত ইউনিয়নের ভাল কাজ দেখার জন্য নিজ নিজ খরচে এক ইউনিয়নে জনপ্রতিনিধিরা অন্য ইউনিয়নে ভিজিট করতে আগ্রহী হন। উক্ত কর্মসূচী বাস্তবায়নে শ্যামনগর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা অব্যহত থাকবে মর্মে সভাকে জানান।

০৭। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২১খ্রিঃ'র ফেব্রুয়ারী মাস ১৪ দিন ভ্রমন বৃত্তান্ত এবং ২০২১খ্রিঃ'র মার্চ মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২১খ্রিঃ'র ফেব্রুয়ারী মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে মার্চ মাসের সংগ্রামী **শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে** সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ১৬.০৩.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,...........................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ...........................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com